

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
শিল্প ও শক্তি বিভাগ
বিদ্যুৎ উইং

নং- ২০.০৫.০০০০.৪৭৮.১৪.২৮১.১৭-১৭৫

তারিখঃ ০২ জ্যৈষ্ঠ ১৪২৪ বঙ্গাব্দ
১৬ মে, ২০১৭ খ্রিষ্টাব্দ

পিইসি সভার বিজ্ঞপ্তি

বিষয়ঃ “পায়রা ১৩২০ মেঃ ওঃ তাপ বিদ্যুৎ কেন্দ্র সংযোগ সড়ক ও আনুষঙ্গিক অবকাঠামো নির্মাণ”-শীর্ষক প্রকল্পের ওপর প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভা।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বিদ্যুৎ বিভাগের আওতাধীন নর্থ ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ (নওপাজেকো) কর্তৃক প্রস্তাবিত “পায়রা ১৩২০ মেঃ ওঃ তাপ বিদ্যুৎ কেন্দ্র সংযোগ সড়ক ও আনুষঙ্গিক অবকাঠামো নির্মাণ”- শীর্ষক প্রকল্পের ওপর প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি)’র সভা আগামী ২৯/০৫/২০১৭ তারিখ সোমবার বেলা ১১.০০ ঘটিকায় পরিকল্পনা কমিশনের সদস্য (শিল্প ও শক্তি বিভাগ) মহোদয়ের সভাপতিত্বে তাঁর সম্মেলন কক্ষে (ব্লক-১০, কক্ষ-৩) অনুষ্ঠিত হবে।

২। উক্ত সভায় উপযুক্ত প্রতিনিধি (যুগ্ম-প্রধান/যুগ্ম-সচিব পর্যায়ের নিম্নে নয়) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩। সভার কার্যপত্র এবং প্রস্তাবিত ডিপিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো।



(আবু সাঈদ মোঃ কামরুজ্জামান)

সিনিয়র সহকারী প্রধান

ফোনঃ ৯১৮০৬৪৬

ই-মেইলঃ kzaman050870@yahoo.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃ আঃ উপ-সচিব, বাজেট অধিশাখা-১৫)।
- ৩। সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[দৃঃআঃ যুগ্ম-প্রধান, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ ভবন, ১ আবদুল গনি রোড, ঢাকা (১১ তলা)]।
- ৪। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৫। সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। প্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৮। প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৯। ব্যবস্থাপনা পরিচালক, নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড, বিদ্যুৎ ভবন, রমনা, ঢাকা।

অবগতির জন্য অনুলিপিঃ

- ১। উপ-সচিব, প্রটোকল শাখা, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
(২০ জন কর্মকর্তার চা-নাতার ব্যবস্থা করার জন্য অনুরোধ করা হলো)।
- ২। ভারপ্রাপ্ত পুলিশ কর্মকর্তা, পরিকল্পনা কমিশন চত্বর পুলিশ ক্যাম্প, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
(তীকে সভায় আমন্ত্রিত অতিথিবৃন্দের কমিশন চত্বরে প্রবেশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, পরিকল্পনা বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪। সদস্য (শিল্প ও শক্তি) মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৫। প্রধান (শিল্প ও শক্তি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৬। যুগ্ম-প্রধান (শিল্প ও সমন্বয়) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৭। যুগ্ম-প্রধান (বিদ্যুৎ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৮। উপ-প্রধান (বিদ্যুৎ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৯। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
শিল্প ও শক্তি বিভাগ
বিদ্যুৎ উইং

বিষয়ঃ পিইসি সভার জন্য কার্যপত্র

১। প্রকল্পের নামঃ “পায়রা ১৩২০ মেঃ ওঃ তাপ বিদ্যুৎ কেন্দ্র সংযোগ সড়ক ও আনুষঙ্গিক অবকাঠামো নির্মাণ”-শীর্ষক প্রকল্প।

২। উদ্যোগী মন্ত্রণালয়/বাস্তবায়নকারী সংস্থাঃ

(ক) বিভাগ /মন্ত্রণালয়ঃ বিদ্যুৎ বিভাগ /বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।

(খ) বাস্তবায়নকারী সংস্থাঃ নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানী লিমিটেড (নওপাজেকো)।

৩। প্রকল্পের প্রাক্কলিত ব্যয়ঃ

(কোটি টাকায়)

জিওবি	সংস্থার নিজস্ব	প্রকল্প ঋণ	মোট
১৫৫.২৪০৪	১.৪৯১০	-	১৫৬.৭৩১৪

৪। প্রকল্পের বাস্তবায়নকালঃ জুলাই, ২০১৭ থেকে ডিসেম্বর, ২০১৮ পর্যন্ত।

৫। প্রকল্পের অর্থায়নঃ

(কোটি টাকায়)

অর্থায়নের প্রকৃতি	জিওবি	সংস্থার নিজস্ব	প্রকল্প ঋণ	মোট	প্রকল্প সাহায্যের উৎস
১	২	৩	৪	৫	৬
(ক) ঋণ	০.০০	০.০০	০.০০	০.০০	প্রজোজ্য নয়।
(খ) অনুদান	১৫৫.২৪০৪	০.০০	০.০০	১৫৫.২৪০৪	
(গ) ইকুইটি	০.০০	০.০০	০.০০	০.০০	
(ঘ) অন্যান্য	০.০০	১.৪৯১০	০.০০	১.৪৯১০	
মোটঃ	১৫৫.২৪০৪	১.৪৯১০	০.০০	১৫৬.৭৩১৪	

৬। ২০১৬-২০১৭ অর্থ বছরের আরএডিপি'তে অন্তর্ভুক্তিঃ প্রস্তাবিত প্রকল্পটি ২০১৬-১৭ এর আরএডিপি'তে বরাদ্দবিহীন অননুমোদিত নতুন প্রকল্প তালিকায় অন্তর্ভুক্ত আছে (আরডিপি পৃষ্ঠাঃ ৭৮৬, ফ্রমিক নং-১৬২)।

৭। প্রকল্প এলাকাঃ

বিভাগ	জেলা	এলাকা
বরিশাল	পটুয়াখালী	কলাপাড়া

৮। প্রকল্পের উদ্দেশ্যঃ ঢাকা-কুম্বাকাটা হাইওয়ে থেকে পায়রা ১৩২০ মেঃওঃ থার্মাল পাওয়ার প্লান্ট প্রকল্প পর্যন্ত ভারী মালামাল বহনের জন্য উপযুক্ত রাস্তা না থাকায়, ঢাকা-কুম্বাকাটা হাইওয়ে থেকে টিয়াখালী ব্রীজ পর্যন্ত ৩.২ কিঃমিঃ সার্ভিস লেন সহ ৪ লেন বিশিষ্ট সংযোগ সড়ক নির্মাণ।

৯। প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমিঃ

৯.১ সমস্যাসহ পটভূমি বর্ণনা:

সরকার পাওয়ার সিস্টেম মাস্টার প্ল্যান-২০১০ অনুযায়ী ২০২১ সাল নাগাদ প্রায় ২৪,০০০ মেঃওঃ এবং ২০৩০ সাল নাগাদ প্রায় ৪০,০০০ মেঃওঃ বিদ্যুৎ উৎপাদনের ব্যাপক পরিকল্পনা গ্রহণ করেছে। এ মাস্টার প্ল্যানের আওতায় জ্বালানী বহুমুখীকরণের উপর গুরুত্বারোপ করতঃ ২০৩০ সালের মধ্যে মোট উৎপাদিত বিদ্যুতের ৫০% কয়লা-ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের মাধ্যমে উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এ লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে বিদ্যুৎ বিভাগের আওতাধীন নর্থ-

ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোং লিঃ-কে ২০৩০ সালের মধ্যে ৩,৪৯০ মেঃওঃ বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করে দেয়া হয়েছে। এর মধ্যে ২,৬৪০ মেঃওঃ কয়লা ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপন করতে হবে।

এ প্রেক্ষাপটে, পায়রা বন্দর সংলগ্ন এলাকায় Payra 1320 MW Thermal Power Plant Project যৌথ উদ্যোগে বাস্তবায়নের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অনুমোদনক্রমে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোং লিঃ-এবং চীনের সরকারী সংস্থা China National Machinery Import & Export Corporation (CMC) সহযোগে Bangladesh-China Power Company Limited (BCPCL) নামে একটি Join Venture কোম্পানী গঠিত হয়। গত ২৯-০৩-২০১৬ইং তারিখে বিদ্যুৎ কেন্দ্রটি নির্মাণের লক্ষ্যে চীনের একটি কোম্পানীর সাথে ইপিসি চুক্তি স্বাক্ষরিত হয়। বর্তমানে ইপিসি কাজ চলমান।

বিদ্যুতের চাহিদা ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। বর্তমানে দেশের মোট উৎপাদন ক্ষমতা প্রায় ১৩,০৯৫ মেগাওয়াট যা বৎসরে ১২% করে বৃদ্ধি পাচ্ছে। ধারণা করা হয় ২০২১ সাল নাগাদ বিদ্যুতের চাহিদা ১৮,৮৩৮ মেঃ ওঃ এবং ২০৩০ সাল নাগাদ ৩৩,৭০৮ মেঃ ওঃ হবে। একারণে পায়রা ১৩২০ মেঃ ওঃ তাপ বিদ্যুৎ কেন্দ্র হতে যত তাড়াতাড়ি সম্ভব জাতীয় গ্রীডে বিদ্যুৎ সরবরাহ করা প্রয়োজন। কিন্তু উক্ত বিদ্যুৎ কেন্দ্রে সহজ যাতায়াত এবং বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের জন্য ভারী মালামাল পরিবহনের জন্য কোন উন্নতমানের সড়ক যোগাযোগ ব্যবস্থা বিদ্যমান নাই। বর্তমানে উক্ত বিদ্যুৎ কেন্দ্র প্রকল্পে এলজিইডি'র প্রায় ২৭ কিঃমিঃ উপজেলা রাস্তা পার হয়ে যেতে হয়। উক্ত রাস্তা দিয়ে ভারী যানবাহন চলাচল প্রায় অসম্ভব।

এই কারণে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানী লিমিটেড ঢাকা-কুয়াকাটা রোডের রজপাড়া নামক স্থান হইতে টিয়াখালী ব্রীজ পর্যন্ত Existing এলজিইডি'র রাস্তাকে সার্ভিস লেনসহ চার লেনে উন্নীতকরণ এবং এলাইনমেন্ট সোজা করতঃ আনুমানিক ৩.২ কিঃমিঃ রাস্তা নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। যেহেতু রাস্তাটি বিদ্যুৎ কেন্দ্রের সাথে সম্পর্কিত সেহেতু নির্মিত রাস্তা দেশের বিদ্যুৎ উৎপাদনে ইতিবাচক প্রভাব রাখবে।

গত ১০-০৫-২০১৬ ইং তারিখ নওপাজেকো কর্তৃক প্রকল্পের ডিপিপি প্রস্তুত করে বিদ্যুৎ বিভাগে প্রেরণ করা হয়। গত ২২-০৬-২০১৬ ইং তারিখে বিদ্যুৎ বিভাগের প্রকল্প যাচাই কমিটিতে সার্ভিস লেনসহ চার লেনের রাস্তা নির্মাণের জন্য ফিজিবিলাটি স্টাডি সম্পন্ন করে প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে পুনরায় প্রকল্প প্রস্তাব বিদ্যুৎ বিভাগে প্রেরণ করতে হবে বলে সিদ্ধান্ত প্রদান করা হয়।

এ প্রেক্ষিতে গত ২৩-০৬-২০১৬ইং তারিখে প্রধান প্রকৌশলী এলজিইডি বরাবর রাস্তা নির্মাণ, ফিজিবিলাটি স্টাডি, রিসেটেলমেন্ট এ্যাকশন প্ল্যান, ড্রইং, ডিজাইন ও এস্টিমেট প্রস্তুত করার অনুরোধ জানিয়ে পত্র লেখা হয়। কিন্তু গত ২৪-০৯-২০১৬ ইং তারিখে উক্ত কাজ আপাতত বাস্তবায়ন করা সম্ভব না বলে স্থানীয় সরকার বিভাগ হতে জানানো হয়। পরবর্তীতে গত ০৪-১০-২০১৬ইং তারিখে উক্ত কাজ সম্পাদনের জন্য বাংলাদেশ সেনাবাহিনীর বাণিজ্যিক প্রতিষ্ঠান, বাংলাদেশ ডিজেল প্লান্ট কে অনুরোধ জানানো হয়। প্রকল্পের ফিজিবিলাটি স্টাডি, রিসেটেলমেন্ট এ্যাকশন প্লান সম্পন্ন হয়েছে ও ইআইএ স্টাডি ইতোমধ্যে সম্পন্ন হয়েছে।

১০। প্রকল্পের প্রস্তাবিত মূল কার্যক্রমঃ

প্রকল্পের প্রস্তাবিত মূল কার্যক্রম (ডিপিপি পৃঃ-১১):

- ৫০ একর ভূমি অধিগ্রহণ।
- ৩.২ কিঃমিঃ সার্ভিস লেন সহ ৪ লেনের রাস্তা নির্মাণ।
- ১টি ৩০ মিটার ব্রীজ নির্মাণ।
- ০৫ টি কালভার্ট নির্মাণ।
- পুনর্বাসন (২২টি পরিবার)।

১১। প্রকল্পের আয় ব্যয় বিশ্লেষণ (লাভজনক/অলাভজনক) (ডিপিপি পৃঃ ১২)

ডিসকাউন্ট রেট ৫%

	আর্থিক	অর্থনৈতিক
NPV	প্রযোজ্য নয়	৮০৩১২.০৭ লক্ষ
BCR	প্রযোজ্য নয়	১.৫১
IRR	প্রযোজ্য নয়	১১.৯৩%

১২। পরিকল্পনা কমিশনের মতামতঃ

- ১২.১ প্রকল্পের উদ্দেশ্য এবং কার্যক্রম একই লেখা হয়েছে-যা সংশোধন করা প্রয়োজন;
- ১২.২ ডিপিপি'র ৩নং অনুচ্ছেদে বর্ণিত লক্ষ্যমাত্রার ক্ষেত্রে আরো সুনির্দিষ্টভাবে উল্লেখ করা যেতে পারে;
- ১২.৩ নওপাজেকো কর্তৃক প্রস্তাবিত সংযোগ সড়কটি নির্মাণের নিমিত্ত জিওবি অর্থায়নের ক্ষেত্রে অনুদানের প্রস্তাব করা হয়েছে। অন্য কোন পন্থা যেমনঃ ঋণ, ইকুইটি করা যায় কিনা এ বিষয়ে বিদ্যুৎ বিভাগের মতামত সভায় জানা যেতে পারে;
- ১২.৪ প্রকল্পের লগ-ফ্রেম এর বক্তব্যসমূহ যথার্থ হয়নি মর্মে প্রতীয়মান। এ ক্ষেত্রে বিদ্যুৎ বিভাগের ত্রুটি সংশোধনের বিষয়ে যথাযথ উদ্যোগ নেয়া প্রয়োজন;
- ১২.৫ ডিপিপি'র ১৪.২নং অনুচ্ছেদে (পৃঃ১০) এ বর্ণিত ব্যাখ্যা পরিকল্পনা কমিশনের ০৯/০৪/২০১৭ খ্রিঃ তারিখের পত্রের (খ) নং প্রস্তাবের আলোকে যথাযথ নয় মর্মে প্রতীয়মান-এ বিষয়ে বিদ্যুৎ বিভাগ সভাকে অবহিত করতে পারে;
- ১২.৬ ডিপিপি'র ১২ নং পৃষ্ঠার ১৭ নং অনুচ্ছেদে বর্ণিত অর্থনৈতিক বিশ্লেষণে প্রকল্পটির IRR দেখানো হয়েছে ১১.৯৩% যা বিদ্যমান পরিপত্র নির্ধারিত ১৫% এর কম। এ বিষয়ে পিইসি সভা প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করতে পারে;
- ১২.৭ ডিপিপি'র ২২ নং অনুচ্ছেদে প্রকল্পের প্রধান প্রধান আইটেমের মৌলিক স্পেসিফিকেশনসমূহ উল্লেখ করা সমীচীন। যেমনঃ ব্রীজের দৈর্ঘ্য X প্রস্থ ইত্যাদি;
- ১২.৮ ডিপিপি'র ২৬ নং অনুচ্ছেদ সঠিকভাবে লিখা হয়নি। অধিকতর এ অনুচ্ছেদের রেফারেন্স হিসেবে ডিপিপি'র ১৪২-১৫৬ নং পৃষ্ঠায় ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনার অনুলিপি সংযোজন নিষ্প্রয়োজন
- ১২.৯ EIA প্রতিবেদন চূড়ান্ত হলে তার আলোকে ডিপিপি'র ২৪ নং অনুচ্ছেদ পুনঃলিখন করা সমীচীন হবে। সে সাথে EIA এর প্রতিবেদন ডিপিপি'তে সংযোজন করা যেতে পারে;
- ১২.১০ ডিপিপি'র সংযোজনী ৩(গ) (পৃঃ ২৪)'তে সেবা ক্রয়ের পরিকল্পনায় ফিজিবিলিটি স্টাডি, ইআইএ সার্ভে ইত্যাদিসহ কতিপয় আইটেমের বিপরীতে সংস্থার নিজস্ব অর্থায়নে ২৮১.২০ লক্ষ টাকার সংস্থার রাখা হয়েছে। বিদ্যমান পরিপত্র অনুযায়ী প্রকল্প অনুমোদনের পূর্বের কোন খরচ (ফিজিবিলিটি স্টাডি, ইআইএ সার্ভে ইত্যাদি) ডিপিপি'তে অন্তর্ভুক্তি ভূতাপেক্ষ অনুমোদনের সামিল যা সমীচীন নয়। বিধায় ইতোমধ্যে যে সকল আইটেমের খরচ সম্পন্ন হয়েছে সেগুলো বাদ দিয়ে সেবা ক্রয়ের প্রাক্কলিত ব্যয় হ্রাস করা যেতে পারে;
- ১২.১১ গত ০৯/০৪/২০১৭ খ্রিঃ তারিখে পরিকল্পনা কমিশন কর্তৃক যাচিত কতিপয় তথ্যাদির আলোকে ডিপিপি পুনর্গঠন করে পরিকল্পনা কমিশনে প্রেরণের জন্য বিদ্যুৎ বিভাগকে পত্র মারফত অনুরোধ করা হয়। উক্ত পত্রের প্রেক্ষিতে বিদ্যুৎ বিভাগ পুনর্গঠিত ডিপিপি প্রেরণ করেছে। প্রেরিত ডিপিপি'তে সংস্থা প্রস্তাবিত রাস্তাটি ২ লেনের পরিবর্তে ৪ লেন বিশিষ্ট নির্মাণের বিষয়ে তাদের অবস্থান ব্যাখ্যা করেছে। আলোচ্য প্রকল্পের আওতায় উক্ত ৪ লেন বিশিষ্ট রাস্তা নির্মাণের যৌক্তিকতা সভায় আলোচনা করা যেতে পারে;

(মোঃ খলিলুর রহমান খান)
যুগ্ম-প্রধান

সংলগ্নী-ক

প্রকল্পের অংগভিত্তিক ব্যয় বিভাজন (ডিপিপি পৃঃ ৩):

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	বিবরণ	পরিমাণ	জিওবি (বৈদেশিক মূদ্রা)	নিজস্ব অর্থায়ন (বৈদেশিক মূদ্রা)	মোট খরচ	প্রকল্পের মোট ব্যয়ের শতাংশ (%)
১	২	৩	৪	৫	৬	৭
রাজস্ব ব্যয়ঃ						
১	কর্মকর্তার বেতন	৫জন		৫০.৬৭	৫০.৬৭	০.৩২
২	কর্মচারীর বেতন	৯জন		১৯.৫৭	১৯.৫৭	০.১২
৩	ভাতা	থোক		১০৮.০৬	১০৮.০৬	০.৬৮
৪	সরবরাহ ও সেবা	থোক		৩০.০০	৩০.০০	০.১৯
৫	মেরামত, রক্ষণাবেক্ষণ ও পুনর্বাসন	থোক		৭৫.০০	৭৫.০০	০.৪৭
উপমোট (রাজস্ব) :			০.০০	২৮৩.৩০	২৮৩.৩০	১.৭৯
(খ) মূলধন ব্যয়ঃ						
৬	ভূমি অধিগ্রহণ	৫০ একর	২,৫৯৪.৬৭		২,৫৯৪.৬৭	১৬.৪১
৭	সার্ভিস লেন সহ ৪ লেনের রাস্তা নির্মাণ	৩.২ কিমিঃ	১১৬৭৯.৬৫		১১,৬৭৯.৬৫	৭৩.৮৯
৮	পুনর্বাসন (এ্যানেক্সার-৩, পৃষ্ঠা:৩৫)	থোক	৬০৪.৪৬		৬০৪.৪৬	৩.৮২
৯	ফিজিবিবিলিটি স্ট্যাডি, ইআইএ সার্ভে, টপোগ্রাফি, Soil টেস্ট, রিসেস্টেলমেন্ট এয়াকশন প্ল্যান, রাস্তা ড্রইং, ডিজাইন, এস্টিমেট এর জন্য পরামর্শক সেবা, Environmental Monitoring Budget, ইসিসি ফি	থোক	২৮১.২০		২৮১.২০	১.৭৮
১০	ব্যাংক চার্জ	থোক	৫.০০		৫.০০	০.০৩
১১	নির্মাণ কালিন সুদ	থোক	৬১.৪৮		৬১.৪৮	০.৩৯
উপমোট (মূলধন) :			১৫,২২৬.৪৬	০.০০	১৫,২২৬.৪৬	৯৬.৩৩
(গ) ফিজিক্যাল কনটিনজেন্সি (২%)			২৯৭.৫৮		২৯৭.৫৮	১.৮৮
(ঘ) প্রাইস কনটিনজেন্সি			০.০০		০.০০	০.০০
সর্বমোট (ক+খ+গ+ঘ)			১৫,৫২৪.০৪	২৮৩.৩০	১৫,৮০৭.৩৪	১০০.০০